
মানুষ করে তোলে


ART MAKES US HUMAN
najib tareque
ART MAKES US HUMAN
najib tareque
ART MAKES US HUMAN
najib tareque
ART MAKES US HUMAN
najib tareque
ART MAKES US HUMAN
najib tareque
ART MAKES US HUMAN
najib tareque
ART MAKES US HUMAN
ART MAKES US HUMAN
najib tareque
ART MAKES US HUMAN
najib tareque

cNote

cNote

Ideas and a space to share them, Studio 6/6 is a safe place for both the thought process and execution of these ideas. Our journey started with the simple thought of creating a place where creatives can come together and share a dialogue or just simply converse. And amazingly this is exactly how we came to host ‘Art Makes Us Human’, a very conceptual art project which brings forward a notion which remains invisible as of yet.

To me both the exhibition and project are important on a personal level. I have grown up with these most of these images which were used in Najib Tareques’s online art project. These are actually illustrations he did for various newspapers, magazines and books; for countless poem and stories read by thousands. Not only I but a lot of us grew up with these images, with illustrations surrounding our everyday lives, Art really does make us human. Even if you don’t realize it. Images which shape our very existence are profoundly invisible with elements which stick to our brain and make us who we are. That is to me the key characteristics of art itself.

Taiara Farhana Tareque
Coordinator
স্টুডিও ৬/৬ | Studio6by6


ART
MAKES US
HUMAN
Najib Tareque


ART MAKES US HUMAN

ART
MAKES US
HUMAN
Najib Tareque

ART
MAKES US
HUMAN
najib tareque

ART
MAKES
US
HUMAN
najib tareque

ART
MAKES US
HUMAN
najib tareque

ART
MAKES US
HUMAN
Najib Tareque

ART
MAKES
US
HUMAN
najib tareque

ART
MAKES US
HUMAN
Najib Tareque

# মানুষ শিল্প সৃষ্টি করে নাকি শিল্পই মানুষ

**নাসিমুল খবির**
সহকারী অধ্যাপক
ভাস্কর্য বিভাগ
চারুকলা অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়

সত্য, শুভ ও সুন্দর পরস্পর সম্পর্কিত। একের অভাবে অন্যরা অসম্পূর্ণ। সুন্দর যখন নন্দনভাবনার কেন্দ্রীয় বিষয় সেই সময় প্রাচীন গ্রীসে এই ছিল সিদ্ধান্ত। তবে তারও বহু আগে ভারতবর্ষে 'সত্যম-শিবম-সুন্দরম' এই মন্ত্র উচ্চারিত হয়েছে। শিল্পে শুধু 'সুন্দর' নয় বরং নবরসের সন্ধান পেয়েছে এ অঞ্চল একই সময়ে। হাস্য, বীর, বিভৎস প্রভৃতি বিচিত্র রসে জারিত যখন পূর্ব, তার বহুপরে পশ্চিম মাত্র অষ্টাদশ শতক থেকে অনুভব করতে শুরু করেছে 'সাবলাইম' কিংবা 'ভয়ঙ্কর বা বিস্ময়কর সুন্দর' অর্থাৎ নন্দনের বহুমাত্রিক রুপ। ইসলামের রাসুলের বরাত দিয়ে বাংলার কবি বলেছেন, 'জোটে যদি মোটে একটি পয়সা খাদ্য কিনিও ক্ষুধার  লাগি / দুটি যদি জোটে তবে ফুল কিনে নিও হে অনুরাগী'। নন্দনক্ষুধা ধর্ম, বর্ণ, গোত্র, কাল নির্বিশেষে মানুষের সহজাত। রবীন্দ্রনাথ ঠাকুর কেবল সুন্দর নয় বরং বিস্তৃত অর্থে নন্দন বা আনন্দকে শিল্পের অন্বিষ্ট বলে চিহ্নিত


ART MAKES US HUMAN
facebook.com/NajibBD

ART MAKES US HUMAN
facebook.com/NajibBD

ART MAKES US HUMAN
facebook.com/NajibBD

ART MAKES US HUMAN
facebook.com/NajibBD

ART MAKES US HUMAN
facebook.com/NajibBD

ART MAKES US HUMAN
facebook.com/NajibBD

ART MAKES US HUMAN
facebook.com/NajibBD

ART MAKES US HUMAN
facebook.com/NajibBD

ART MAKES US HUMAN
facebook.com/NajibBD


করেছেন। এই আনন্দের বহুরূপ – সুখ, তৃপ্তি, বেদনা, বিরাগ, ক্রোধ, প্রতিবাদ, কী নয়! শোনা যায় প্রাচীন গ্রীকরা 'আর্ট' বলতে বুঝতো আর্টিফিশিয়াল বা কৃত্রিম, অর্থাৎ প্রকৃতির নয় মানুষের সৃষ্টি। তবে কি এ যাবৎ মানুষ যা সৃষ্টি করে চলেছে তার সবই শিল্প? মৌমাছি চাক গড়ে, মাকড়শা জাল বুনে, বাবুই বাসা বাধে। বিস্ময়কর সুক্ষতা স্বত্তেও এই সহজাত গড়া, বোনা বা বাধা শিল্প হয় না কেননা এর কোন পরিবর্তন নেই, এর কোন নতুনত্ব নেই, নেই স্বাতন্ত্র। মানুষ গুহা ও কোটরবাসী হোমো-সেপিয়েন্স হয়েই থাকত যদিনা সে তার হাত ও মগজের ক্রমাগত সৃজনী ব্যবহারে লিপ্ত হত। হাত আর মগজের যুগপৎ ব্যবহারে মানুষই গড়েছে হাতিয়ার যা তাকে 'দ্বিপদ পশু' থেকে 'মানুষ' করেছে। নৃবিদ্যা এভাবেই আমাদের জানিয়েছে। ইন্দ্রিয়সমূহের মাধ্যমে অর্জিত অভিজ্ঞতা তার বোধ ও জ্ঞান অর্জনকে তরান্বিত করেছে। কল্পনা আর আবেগ তাকে প্রকাশে ও সৃজনে উদ্দিপ্ত করেছে। এইভাবে মানুষ সৃজনশীল হয়েছে। ক্রমাগত নতুনতর সৃজন মানুষ ও তার চারপাশকে পরিবর্তিত করেছে, করছে। তবে কি পরিবর্তনশীলতাই শিল্প? মানুষ 'শিল্প' সৃষ্টি করে নাকি শিল্পই 'মানুষ' সৃষ্টি করে?


নাজিব তারেক এই প্রশ্নের উত্তরে বলেন, 'শিল্প আমাদের মানুষ করে'। ART MAKES US HUMAN শিরোনামে তিনি একটি শিল্প প্রকল্প শুরু করেন ২০১৫ সালের জুলাই মাসে, সামাজিক যোগাযোগ মাধ্যম ইন্সটাগ্রামে। একইসাথে তা ছড়িয়ে পড়ে টুইটার, ফেসবুক, ফ্লিকার, টাম্বলর সহ ভারচুয়াল জগতের নানা মাধ্যমে। অবশ্য এরও বছর দুয়েক আগে থেকেই তারেক এ ধরনের একাধিক প্রকল্পের সূচনা করেন।

'ART MAKES US HUMAN' বা 'শিল্প আমাদের মানুষ করে তোলে' এই বাক্য যুক্ত করে সাত শতাধিক 'ইমেজ' তিনি ইতোমধ্যে ভারচুয়াল জগতে উপস্থাপন করেছেন। প্রস্তুতি রয়েছে আরও প্রায় কয়েক হাজার পোস্টের। এই সকল ইমেজে বাক্য, রেখা, আকার আর রং এর যোগাযোগে সৃষ্টি হয়েছে বিচিত্র সব অভিব্যক্তি।


ART
MAKES
US
HUMAN


ART MAKES US HUMAN
facebook.com/NajibBD



ART MAKES US HUMAN
facebook.com/NajibBD


ART MAKES US HUMAN
facebook.com/NajibBD


ART
MAKES US
HUMAN
Najib Tareque


ART MAKES US HUMAN
facebook.com/NajibBD



ART MAKES US HUMAN
facebook.com/NajibBD


ART MAKES US HUMAN
facebook.com/NajibBD



ART MAKES US HUMAN
facebook.com/NajibBD

উনিশশ আশির দশকে সামরিক স্বৈরতন্ত্রের বিপরীতে তারুন্যের দ্রোহেরকালে উত্তরাংশের ঠাকুরগাঁও, রাজশাহী ও দিনাজপুরে কেটেছে নাজিবের শৈশব কৈশোর। বিক্ষুদ্ধ উনিশশ নব্বইয়ের দশকের ঢাকা বিশ্ববিদ্যালয়ে তিনি নিয়েছেন চারুকলার প্রাতিষ্ঠানিক পাঠ। সঙ্গে চলেছে কাব্য ও সাহিত্যের সাথে আড্ডা এবং সংবাদপত্রের সাহিত্য সাময়িকীতে আঁকা ও লেখার কাজ। নাজিব কখনোই জীবন বিচ্ছিন্ন বিশুদ্ধ শিল্পধারার লোক নন। বরং জীবন আর শিল্পের যথার্থ সর্ম্পকের অন্বেষনেই তার আনন্দ।

সদা উৎসুক ও নিরীক্ষা প্রিয় তারেক নতুনতর পরিস্থিতিকে মোকাবেলায় উদ্যমী ও বিশেষ আগ্রহী। কৈশোর থেকেই মনে অথবা নোটবুকে জমে থাকা নানা প্রশ্ন ও চিন্তার স্কেচ থেকে শিল্প সৃস্টিতে তিনি সদা তৎপর ছিলেন। উনিশশ পঁচানব্বই/ছিয়ানব্বইয়ে অর্ন্তজালের (ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব)-এর সাথে যখন যোগাযোগ ঘটে তখন থেকেই ভাবছিলেন একে কিভাবে শিল্পের প্রকাশে ব্যবহার করা যায়। সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোর সূচনা তার কাছে আর একটি বিশেষ দুয়ারের উম্মোচন। অতএব জমে থাকা নোট, স্কেচ আর প্রতিদিনের জাগতিক ও স্থানিক নানা পরিস্থিতির প্রতিক্রিয়ার যোগাযোগে রচিত হতে থাকলো ভারচুয়াল জগতের জন্য তার একাধিক শিল্প প্রকল্প। সেই প্রকল্পগুলোর একটি ‘ART MAKES US HUMAN/শিল্প অমাদের মানুষ করে তোলে’-এর নির্বাচিত ক্ষুদ্রাংশ নিয়ে স্টুডিও ৬/৬ এ উপস্থাপিত হচ্ছে ‘ফিজিক্যাল’ বা প্রথাগত প্রদর্শনী। প্রদর্শনীর এবং ভারচুয়াল জগতের এই প্রকল্পে উপস্থাপিত হয়েছে প্রতিষ্ঠিত  কিংবা অপ্রতিষ্ঠিত নানা মত বা মতবাদের বিপরীতে তার চিত্রজ প্রতিক্রিয়া। কখনও পক্ষে কখনও বিপক্ষে। এ প্রসঙ্গে নাজিব তারেক নিজে বলছেন,‘যদি এটা জগতের প্রথম অনলাইন বা ভারচুয়াল শিল্প প্রকল্প *(Art Project)* নাও হয়ে থাকে তবুও ক্ষতি নেই, বাংলাদেশী শিল্পচর্চার রূপ ও ধরনকে জগতের সামনে উপস্থাপনের এই প্রয়াসটিও কি কম গুরুত্বপূর্ণ?’


ART
MAKES US
HUMAN
najib tareque


art makes us human
najib tareque


ART
MAKES US
HUMAN
najib tareque


ART
MAKES
US
HUMAN
facebook.com/NajibBD


ART
MAKES
US
HUMAN


ART
MAKES
US
HUMAN
najib tareque


ART
MAKES US
HUMAN
najib tareque


ART MAKES US HUMAN
facebook.com/NajibBD


ART
MAKES
US
HUMAN
najib tareque




# শিল্প আমাদের মানুষ করে তোলে

নাজিব তারেক

খুব প্রাথমিকভাবে যে আঁকতে পারে সেই শিল্পী। গান গাওয়া, নাচতে পারা, অভিনয় ইত্যাদি আর একটু জানা শোনা বাড়লে শিল্পীর আওতায় আসে। শিল্পের সংজ্ঞার আওতা থেকেও সমাজে কবি/লেখক কিন্তু শিল্পী পরিচিতির বাইরেই থাকেন। তাহারা একটি স্বাধীন পরিচিতি। যেভাবে ক্রীড়াবিদেরাও শিল্পের সংজ্ঞাধীন কিন্তু পরিচিতিতে শিল্পী নন।


ART MAKES US HUMAN
najib tareque
ART MAKES US HUMAN
najib tareque
ART MAKES US HUMAN
najib tareque
ART MAKES US HUMAN
najib tareque
ART MAKES US HUMAN
najib tareque
ART MAKES US HUMAN
najib tareque
ART MAKES US HUMAN
najib tareque
ART MAKES US HUMAN
najib tareque
ART MAKES US HUMAN
najib tareque

চারুকলার ছাত্র হয়েছিলাম, সেটা যে কারনেই হোক শিল্পী হওয়ার বাসনায় নয়। তাই প্রথম বছরটা এক রকম কেটে গেল পাঠাগারের বই পত্র আর মিছিল মিটিং-এ। মিটিং মিছিল করতে গিয়েই আবিস্কার হলো চারুকলায় যে সৃজনশীলতার চর্চা থাকার কথা তা নেই। নূন্যতম যে প্রর্দশনী সেটাও নেই।
বড় ভাই বলেছিল '...এ শিক্ষা ব্যবস্থার ভুল ধরাতে গেলে সবচেয়ে আগে এ শিক্ষাব্যবস্থার সবগুলি ধাপ অতিক্রম করতে হবে...'
এসো নিজে করির সুত্র মেনে প্রথমে ছবি আঁকা, তারপর...
১৯৮৮-১৯৮৯, বাংলাদেশের সংস্কৃতিক ইতিহাসের বেশ আলোচিত কাল। ঢাকা চারুকলার জয়নুল গ্যালারি হলো ১৯৯০ এ।

শিল্পী হই বা না হই শিল্প কি তা জানতে তো দোষ নেই। শিল্পকলার ইতিহাস জানতে গিয়েই খটকা, গোঁড়াতেই কেমন যেন গলদ! আলতামিরার চিত্রী কেন ছবি এঁকেছিলেন? মর্গান ও অন্যান্যেরা যা কতশত বছর ধরে বলছেন তা কি সঠিক? আমি শুধু চিন্তা করতে পারি আর আরো কিছু পঠন চালাতে পারি। না লাভ নেই, সব পঠনেই একই পাঠ।
আচ্ছা মানুষ কেন মানুষ? তাহার কোন গুনে সে মানুষ? যাহাকে বলে মানবিকতা, কাহাকে বলে? কেন সে আশরাফুল মখলুকাত? সে পারে, একমাত্র সেই পারে অহেতুক হত্যা করিতে যে আশরাফুল মখলুকাত। বাকী সব প্রানী ক্ষুধার দাস। এ অহেতুকের নাম আনন্দ। না, আছে আরো কিছু; যাহার নাম বিমর্ষ-বিষন্ন-দুঃখ, অবসাদ। এ অহেতুক কি আনন্দ না বিমর্ষতা? আরো এক বিপন্ন বিস্ময় আমাদের আমাদের ক্লান্ত করে, ক্লান্ত করে...
বাইসন ছিল আমাদের খাদ্য, হরিন ছিল আমাদের খাদ্য। যে শিকারী সে বীর, কিন্তু যদি শিকার না থাকে? কে তুমি বীর? সখা হে মেরনা ঐ সু নয়নারে...
নোটবুকে আছে টুকা এটা সেটা নোট, বন্ধু কবীর হুমায়ূনের সাথে আলাপচারিতায় এ সব ভাবনাই পেল কি কোন রূপ?


ART MAKES US HUMAN
najib tareque
art makes us human
najib tareque
ART MAKES US HUMAN
najib tareque
ART MAKES US HUMAN
facebook.com/NajibBD
ART MAKES US HUMAN
najib tareque
ART MAKES US HUMAN
najib tareque
ART MAKES US HUMAN
najib tareque
ART MAKES US HUMAN
facebook.com/NajibBD
ART MAKES US HUMAN
najib tareque

১৯৯৬-৯৭ পরিচয় হলো ইন্টারনেটের সাথে, আরে এতো 'পাওয়ার অব ম্যাথুস্টার'*! আমি এখানে, আমার কাজ আমার কম্পুটারের পাশে, আর আমেরিকায় দেখা যায় আমার কাজ। একটা অনলাইন গ্যালারি করা যাক! এটা কি জয়নুল গ্যালারি যে পাবলিকরে বুঝাইলা আর বুঝলো! তথাপি করিলাম ডিজিটাল শো (তাহার আংশিক নমুনা নেটে বহুদিন পর খুঁজে পেলাম)...

প্রায় দশ বছর পর ২০০৯ একজন আসিয়া কহিলো, অনলাইন গ্যালারি ব্যাপারটা কেমন? কহিলাম দু'ই বছর গাঁটের পকেটের পয়সা ঢালিতে পারিলে লাভ হইতে পারে...

প্রথমবার বিফল হইবারকালে ইয়াহু, ডকুমেন্টা, মোমা, ইএলএফএ ও আরো কিছু প্রতিষ্ঠানের নথিপত্রে নামভূক্তি ঘটিলো মাত্র, বাংলাদেশ নামে একখানা দেশ আছে!

দ্বিতীয়বার বিফলতার গল্পে টরেন্টোতে খোঁজা শুরু হইলো বাংলাদেশী চিত্রীদের আর একখানা পাকিস্তানী শিল্প পত্রিকা শিরোনাম করিলো 'Art Makes Us Human' এবং 'Joy Bangla'

স্কুল জীবনে বিশ্ব ভ্রমণে বাহির হইয়াছিলাম, ৪৭/৪৮ কিলোমিটার হাঁটিবার পর প্রবল বর্ষণে ঘুরাঘুরির সাধ আহ্লাদ পদ্মার জলে ভাসিয়া সাগরে মিলিলো। আমি তাই মহান ঘরকুণে। পিতা কিংবা শিক্ষক কিংবা বন্ধু বান্ধব কেহই আমায় ঘর হইতে বাহির করিতে পারিলনা। আমার কোথাও যাওয়া হয় না, আর ব্রান্ড-মার্কেটিং কৌশল প্রশ্নে ক্লায়েন্ট মিট না করিয়া কেমনে সফল হইবেন?

আমারো তাই সফল শিল্পী হওয়া নিষেধ। সে না হয় হইলো, কিন্তু ছবি আঁকিয়া নিজেরে শিল্পী ভাবিতে দোষ কি?

আঁকি আর প্যাকেট করিয়া রাখি...

---


*****ছোটবেলায় দেখা বিটিভি প্রচারিত হলিউডি সিরিয়াল*


ART
MAKES US
HUMAN
najib tareque


art makes us human
najib tareque


ART
MAKES
US
HUMAN
najib tareque


শিল্প
আমাদের
মানুষ করে
তোলে
নাজিব তারেক


ART MAKES US HUMAN
facebook.com/NajibBD


শিল্প আমাদের মানুষ করে তোলে
najib tareque


ART MAKES US HUMAN
najib tareque


ART
MAKES US
HUMAN
najib tareque


ART
MAKES
US
HUMAN
najib tareque

অনলাইন গ্যালারি এবং ফেসবুক মিলিয়া ভাবিলাম হোক ডিজিটাল শো। কম্পুটারের সাথে যেহেন সখ্যতা, মুঠোফোনে সেহেন অস্বস্তি! আর স্মার্ট মানে জ্বালাময়, গুগল অনুবাদকই জানাইলো। তাই তা থেকে দূরেই আছি। ২০১৫-এ প্রবাসী লেখক বন্ধু একখানা এন্ড্রয়েড ধরাইয়া দিল। কি বিপদ কি বিপদ! অভিজ্ঞ স্মার্ট ফোন ইউজার কন্যা ইন্সটাগ্রাম ইন্সটল করিয়া বলিলো এটা তোমার জন্য...

পূর্ব ইতিহাসে আছে, শুধু আঁকিলেই চলিবেনা, লিখিতেও হইবে (তাহাতে তাহাকে লেখক পরিচয়ের আড়ালে শিল্পী তালিকা হইতে বাদ দিবার সুবিধা) আবার লিটলম্যাগ ওয়ালাদের প্রচ্ছদ অলংকরণ করিতে বিনিমাগনার চিত্রকর লাগে, দু'এক জন সর্বাদাই জুটিয়া যায়। চারুকলায় লেখক আর লিটলম্যাগে চিত্রকর। এ সুত্রেই বাংলা একাডেমির তরুন লেখক প্রকল্পের লেখক। পান্ডুলিপি তৈয়ার করিতে গিয়া জানিয়াছিলাম... ইতিহাস পর্যালোচনা করিলে চিত্রকলার ইতিহাসটিকে 'কবিতার চিত্রায়নের ইতিহাস' বলিলে অত্তুক্তি হবে না...

ইন্সটাগ্রামে বিড়ালের ছবি পোস্ট করি, পোস্ট করি নিজের দু'একটা পেইন্টিং-এর ছবিও, বেশ মজার তো!
বছর চার আগেই চাকুরি ছাড়িয়া দিয়াছি। ঘরে বসিয়া বসিয়া ছবি আঁকিবো ছবি আঁকিবো করিতেছি (ভাব লওয়া আর কি!)। গুগলে ঘুরিতে ঘুরিতে একজন সিরামিকস ভাস্করের









ভাস্কর্য দেখিয়া চমকাইয়া গেলাম! এ যেন নাজিব তারেকের করা ১৯৮৮/৮৯ সালের ড্রইং ও ১৯৯৬ সালের তৈলচিত্রের সিরামিক ভাস্কর্য। মনে পড়িলো ২০১০/১১ সালে টেট মর্ডানে কোন এক আমেরিকান বালিকার একটি প্রর্দশনী হইবার কথা ছিল, শিরোনাম Art Makes Us Human। এভাবেই কি বসু (জগদীশ চন্দ্র) বাবু ইউরোপীয় মার্কনির কাছে হারাবেন রেডিও পেটেন্ট?

ফেসবুকে চলছে দেখা না দেখার বয়ান (সেপ্টেম্বর ২০১৩), চলছে COMMONWEALTH SLAVE (নভেম্বর ২০১৪), তবে শুরু হোক Art Makes Us Human, কিন্তু এর চিত্ররূপ কি হবে? খুব সাধারন কিছু! খুব সাধারন কিছু! বিশ্ব শিল্পের ইতিহাসের এক একটি চিত্র কি হতে পারে এক একটি চিত্র? হতে পারে কিন্তু সমস্যা অন্যখানে, ইউরোপীয় শিল্পের ইতিহাস রচনাতো উদ্দেশ্য নয়। বিশ্বশিল্প মানে পশ্চিম ইউরোপ ছাড়াও এশিয়া (আরব-পারস্য-ভারত-চীন ও অন্যান্য), আফ্রিকা, আমেরিকা (দক্ষিন-উত্তর), পূর্ব ইউরোপ... আমার তো তেমন জানা নাই! আর নাজিব দেশের পরিচিত অলংকরণচিত্রী, আর শিল্পকলার ইতিহাস মানে... তো, শুরু হোক তৃতীয় বিশ্বের একদেশ থেকেই instagram আর্ট প্রজেক্ট Art Makes Us Human... শিল্পও মুক্ত থাকুক শিল্পীর স্বাধীনতায়; প্রজেক্ট প্রপোজাল এপ্রুভালের কর্পোরেট সংস্কৃতি মুক্ত থাকনা শিল্প!

[শোন বাঙ্কসি, আইন অমান্য না করেও, পুঁজির কাছে হাত না পেতেও আমরা আমাদের কথা বলতে পারি, ট্রাই করবে নাকি? আর হ্যাঁ, রিচার্ড প্রিন্স যত খুশী ডাউনলোড কর, প্রিন্ট কর প্রিন্ট বেচো ট্রিলিয়ন ডলারে, সে টাকায় বাংলাদেশ ঘুরে যেও, এককাপ চা খেয়ে যেয়ো আমার স্টুডিওতে, কথা দিচ্ছি এক পয়সাও রয়্যালটি চাইবো না। তবে ASR-এ কিছু করতে চাইলে করতে পারো! আসবার আগে বোতেরোকে বলে এসো- ‘তোমার বন্ধু আমিনুলের ছাত্র নাজিবের সাথে দেখা করতে যাচ্ছি...’]

---

https://anmt.wordpress.com/2016/04/22/art-makes-us-human-2


ART MAKES US HUMAN
facebook.com/NajibBD
ART MAKES US HUMAN
ART MAKES US HUMAN
ART MAKES US HUMAN
facebook.com/NajibBD
ART MAKES US HUMAN
facebook.com/NajibBD
ART MAKES US HUMAN
facebook.com/NajibBD
ART MAKES US HUMAN
facebook.com/NajibBD
ART MAKES US HUMAN
facebook.com/NajibBD
ART MAKES US HUMAN
facebook.com/NajibBD
ART MAKES US HUMAN
facebook.com/NajibBD

the first physical presentation of

# ART MAKES US HUMAN

a virtual art project by Najib Tareque

instagram.com/anmt.bd
facebook.com/AMUHArtProject

@ স্টুডিও/৬/৬ | Studio6by6

House: 6/6, Block -F
Aziz Moholla, Joint Quarter
Mohammadpur, Dhaka
Bangladesh

May 15 to May 25, 2016
4:00 – 10:00 pm

/Studio6by6 | studio6by6@gmail.com | /Studio6by6